

চালু হলো: প্রোগ্রামিংয়ের অনলাইন স্কুল

কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল
বিষয়ে পড়াশোনার জন্য ইন্টারনেটে
চালু হলো বিমিক কম্পিউটিং স্কুল।
অনলাইনভিত্তিক এই স্কুলের মাধ্যমে
ঘরে বসেই শেখা যাবে প্রোগ্রামিং।
সম্পূর্ণ বাংলা ভাষায় সহজ
উপস্থাপনার কারণে যেকোনো
বয়সের শিক্ষার্থীই এই ওয়েবসাইট
থেকে প্রোগ্রামিংয়ের বিভিন্ন বিষয়



সম্পর্কে শিখতে পারবে। অনলাইনে
দেওয়া যাবে নিয়মিত পরীক্ষা;
যাচাই করা যাবে শিক্ষার্থীর মান।
গত বছরের ঢাকার স্কেপড
মিলনায়তনে একটি অনুষ্ঠানে বিমিক
কম্পিউটিং স্কুলের উদ্বোধন করা
হয়। এ সময় মোড়ক উন্মোচন করা
হয় 'ওয়েব কনসেন্টস' ও
'প্রোগ্রামিংয়ে হাতেবন্ডি' নামের দুটি
ভিডিও। মোড়ক উন্মোচন করেন
স্টেট ইউনিভার্সিটির বিজ্ঞান ও
প্রকৌশল অনুষদের ডিন
লক্ষ্যছায়া ও অন্যরকম গ্রুপের
চেয়ারম্যান মাহমুদুল হাসান।
বিমিক পরিচালনা প্রতিষ্ঠান মুক্ত
সফটওয়্যার লিমিটেডের ব্যবস্থাপনা
পরিচালক তামিম শাহরিয়ার বলেন,
ইন্টারনেটে অনেক অনলাইন
কোর্সের ভিডিও টিউটোরিয়াল দেখে
অনেক কিছু শেখা সম্ভব; যদিও সব
সময় সেগুলো ধারাবাহিকভাবে
পাওয়া যায় নয়, বরং কষ্ট হয়।
বাংলা ভাষায় খুব সহজভাবে
প্রোগ্রামিং শেখা যাবে বিমিক
কম্পিউটিং স্কুলের মাধ্যমে।
বিমিকের প্রধান নির্বাহী কর্মকর্তা
তাহমিদ রাফি বলেন, 'বিভিন্ন
বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা আগ্রহ
থাকা সত্ত্বেও মানসম্মত শিক্ষা
পাচ্ছেন না। আমরা শিক্ষার্থীদের
সেই অভাব পূরণ করে প্রোগ্রামিংয়ে
তাদের ভিত্তি শক্ত করতে চাই।'
বিমিক কম্পিউটিং স্কুলের
টিউটোরিয়ালগুলো দেখা যাবে বিনা
মূল্যে। সফটওয়্যার প্রকৌশলী মীর
ওয়াদী আহমেদ বলেন, অনলাইন
স্কুলের মাধ্যমে ওয়েব কনসেন্টস ও
প্রোগ্রামিংয়ে হাতেবন্ডি কোর্সে
নির্বাচিত শিক্ষার্থীর সংখ্যা এক
হাজার ৬০০ ও আড়াই হাজার।
—মো. রফাত জামিল